



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা
ই-মেইল: pro@bhbfc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বিপরীতে বিএইচবিএফসি'র ১ম স্থান
লাভের সম্মাননা অর্জন



সিনিয়র সচিব মোঃ আসাদুল ইসলাম হতে ক্রেস্ট গ্রহণ করছেন বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক মোঃ আফজাল করিম

অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন (ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান) দপ্তর/সংস্থার ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর বার্ষিক পরিবীক্ষণ ও মূল্যায়নে অতি উত্তম ক্যাটাগরীতে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) “প্রথম স্থান” অর্জন করে। ৯ মার্চ ২০২১ তারিখ অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিনিয়র সচিব মোঃ আসাদুল ইসলাম এর সভাপতিত্বে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম এর মাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সকল ক্যাটাগরীতে বিএইচবিএফসি'র সাফল্যের স্বীকৃতিস্বরূপ সিনিয়র সচিব মহোদয় কর্তৃক বিএইচবিএফসি এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আফজাল করিমকে ক্রেস্ট ও সম্মাননা সনদ প্রদান করেন।